গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
দুর্গাপুর, নেত্রকোণা
www.acl.durgapur.netrokona.gov.bd

নম্বর: ৩১.৪৫.৭২১৮.০০২.১১.০১১.২০-২৪

তারিখঃ ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ৫ জানুয়ারী ২০২৬ খ্রিষ্টাব্দ

**জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি আহবান**
**বিজ্ঞপ্তি নং ০১/২০২৬**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী দুর্গাপুর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একর পর্যন্ত) ইজারাযোগ্য জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি লি:/ সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি ও শর্তাবলী অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

**সময়সূচী**

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডি/ পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ০১ মাঘ ১৪৩২ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত (১৫ জানুয়ারি ২০২৬ তারিখ থেকে ২৯ জানুয়ারী ২০২৬ তারিখ পর্যন্ত) | ১৮ মাঘ ১৪৩২ থেকে ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত (০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত) (অফিস সময়ে) |

**২০ (বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তালিকা**

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (২০ একর পর্যন্ত) | বিগত ৩ বছরের গড় ইজারা মূল্যের উপর ৫% বৃদ্ধিতে কাঙ্খিত সরকারি মূল্য | ইজারার মেয়াদ (বঙ্গাব্দ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | দুর্গাপুর | বিরিশিরি | কাপাসাটিয়া পুকুর-১ | ০.৭০ একর | ২৪৩২ | ১৪৩৩ হতে ১৪৩৫ | কোন জলমহালের বিষয়ে কোন মামলায় আদালতের নিষেধাজ্ঞা থাকলে কিংবা বিজ্ঞ আদালতের ইজারা সংক্রান্ত কোন প্রকার ভিন্নরূপ সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহালটি ইজারার ক্যালেন্ডারের তালিকা হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ২ | | বিরিশিরি | কাপাসাটিয়া পুকুর-৩ | ০.৩১ একর | ৪০২২ | | |
| ৩ | | বিরিশিরি | দাখিনাইল পুকুর | ০.২৪ একর | ১৭৪৫ | | |
| ৪ | | বিরিশিরি | বারইপাড়া পুকুর | ০.৪৪ একর | ১৪৬০ | | |
| ৫ | | গাঁওকান্দিয়া | চিতলী বিল | ১৬.৮১ একর | ৮৫১০ | | |
| ৬ | | গাঁওকান্দিয়া | ভাদুয়াখাস পুকুর | ০.২২ একর | ১৮২৪ | | |
| ৭ | | বাকলজোড়া | রামপুর-রাজিবপুর পুকুর | ০.৪৬ একর | ৩৮৯০ | | |
| ৮ | | বাকলজোড়া | গুজিরকোণা পুকুর (দ:পা:) | ০.৮০ একর | ৩৬৪৭ | | |
| ৯ | | বিরিশিরি | হারিয়াউন্দ পুকুর - ১ | ০.৬৯ একর | ২০৪৪ | | |
| ১০ | | কুল্লাগড়া | মাধবপুর পুকুর-২ | ০.১৪ একর | ৬০১৪ | | |
| ১১ | | বিরিশিরি | কাপাসাটিয়া পুকুর-২ | ০.৪৪ একর | ২৬৭২ | | |
| ১২ | | বিরিশিরি | পিপুলনারী পুকুর | ০.৭১ একর | ২১০০ | | |
| ১৩ | | বিরিশিরি | হারিয়াউন্দ পুকুর – ২ | ০.৫৮ একর | ১৯৪৫ | | |
| ১৪ | | গাঁওকান্দিয়া | দুবরাজপুর পুকুর | ০.৪৪ একর | ৫১০৭ | | |
| ১৫ | | বিরিশিরি | তেলুঞ্জিয়া পুকুর | ০.৭৮ একর | ৫৭৮৯ | | |
| ১৬ | | বাকলজোড়া | রামনগর পুকুর | ৩.০৪ একর | ১৩২৩০ | | |
| ১৭ | | কুল্লাগড়া | মাইজপাড়া পুকুর | ১.২৭ একর | ৬১৬৭ | | |
| ১৮ | | বাকলজোড়া | বালিচান্দা পুকুর | ১.৮২ একর | ২৪৮৫ | | |
| ১৯ | | বাকলজোড়া | বসনকোনা পুকুর | ০.৪৬ একর | ১৩২৩ | | |

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২। উপরে বর্ণিত কার্যালয় হতে নির্ধারিত তারিখে অফিস চলাকালে উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোন তফসিলভুক্ত ব্যাংক) মূলে (অফেরতযোগ্য) আবেদন ফরম ক্রয় করা যাবে। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পুরণ করে দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার / আয়তন/ কোন অংশ ভরাট হয়ে গেছে। মাছের মড়কে ক্ষতি হয়েছে ইত্যাদি উল্লেখ করে কোন আবেদন/ ক্ষতিপুরণ দাবি করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

৪। জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা গ্রহিতাকে সমুদয় ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনপূর্বক সহকারী কমিশনার (ভূমি) দুর্গাপুর, নেত্রকোণার নিকট হতে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত সময়ে ইজারা অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৫। ইজারা গ্রহীতা সমিতিকে ২য় বৎসরের ইজারার মূল্য ও অন্যান্য পাওনাদি ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে এবং ৩য় বৎসরের ইজারার মূল্য ও অন্যান্য পাওনাদি একইভাবে ২য় বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান করতে পারবে।

৬। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি- বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোনো নির্দেশনা/ নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

৭। মামলাভুক্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের আদেশ (যদি থাকে) প্রতিপালন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৮। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা ((ছবিসহ), নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানা ও ছবিসহ), সকল সদস্যের নাম ঠিকানা ও ছবিসহ তালিকা এবং সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১০। মৎস্যজীবিদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

১১। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবি মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১২। সভাপতি, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১৩। আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারা মুল্যের ২০% (শতকরা হারে) জামানত উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা এর- অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (মূল কপি) দাখিল করতে হবে।

১৪। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুলস অনুসারে), সমিতির গঠনতন্ত্র ও সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৫। বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/ সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৬। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবি, মাছ চাষ, শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহালের ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকার নামা দাখিল করতে হবে।

১৭। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহালের নাম, ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা ও বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিত থাকতে হবে।

১৮। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মুল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎস কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১৯। দরপত্র ক্রয়/ দাখিলের তারিখে সরকার কর্তৃক ছুটি ঘোষণা করা হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র ক্রয়/ দাখিলের তারিখ হিসাবে গণ্য করা হবে।

২০। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ইজারার শর্তাদি ভঙ্গের কারণে কারণ দর্শানো ব্যতিরিকে যে কারো ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে ।

০৫/০২/২০২৬

(আফরোজা আফসানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দুর্গাপুর, নেত্রকোণা।

CamScanner

নম্বর: ৩১.৪৫.৭২১৮.০০২.১১.০১১.২০- ১৪

তারিখঃ ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ৫ জানুয়ারী ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলোঃ-

০১. জেলা প্রশাসক, নেত্রকোণা।

০২. জনাব ............... ..................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, দুর্গাপুর, নেত্রকোণা।

০৩. সহকারী প্রোগ্রামার, দুর্গাপুর, নেত্রকোণা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৪. চেয়ারম্যান/প্রশাসক ..................ইউনিয়ন পরিষদ (সকল), দুর্গাপুর, নেত্রকোণা।

০৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..............ইউনিয়ন ভূমি অফিস, দুর্গাপুর, নেত্রকোনা। (তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি হাটের দিনে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

০৬. জনাব......... সভাপতি/সম্পাদক, ............................ মৎস্যজীবি সমবায় সমিতি লি: দুর্গাপুর, নেত্রকোণা।

০৭.................................................................................. (পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)

০৮. নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি।

০৫/০১/২৬

(মো: মিজানুর রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দুর্গাপুর, নেত্রকোণা।